T Affairs

দৈনিক ইনকিলাব

তারিখ 15 SEP 1986
পৃষ্ঠা 1 কলাম 1

048

শিক্ষক প্রতিনিধিদের সভায় ধর্মমন্ত্রী

# বর্তমান সরকার শিক্ষকদের সর্বোচ্চ আসনে বসাতে চান

॥ স্টাফ রিপোর্টার ॥

গতকাল ঢাকায় সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক প্রতিনিধিদের এক সভায় আগামী ১৪ অক্টোবরের মধ্যে ৭০ ভাগ অনুদান ও টাইমস্কেল আদায়ের ব্যাপারে দৃঢ় সংকল্পের কথা ব্যক্ত করা হয়। তাছাড়া, সভায় এ ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য ধর্মমন্ত্রী ও শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব আলহাজ মাওলানা এম, এ, মান্নান ও ফেডারেশন নেতৃবৃন্দের প্রতি আহবান জানানো হয়।

শিক্ষক প্রশিক্ষণ কলেজ মিলনায়তনে প্রিন্সিপাল জনাব আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি ছিলেন ধর্মমন্ত্রী আলহাজ্ব মাওলানা এম, এ, মান্নান এবং অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জনাব আজিজুল হক শাহ, জনাব শহিদুর রহমান, জনাব জুনাব আলী ও অধ্যক্ষ শহিদুল্লাহ প্রমুখ।

সভায় ধর্মমন্ত্রী আলহাজ মাওলানা এম, এ, মান্নান বলেন, দেশ স্বাধীন

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## ধর্মমন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

হজরত ইমাম হোসেনের জীবনী এবং কর্মতৎপরতার ব্যাখ্যা করে মন্ত্রী বলেন, অসত্য আর অন্যায়ের কাছে ইমাম কখনই মাথা নত করেননি, বরঞ্চ তিনি ন্যায়ের কারণে তাঁর জীবন বিসর্জন দিয়েছেন।

তিনি বলেছেন, হজরত ইমাম হোসেনের আদর্শ মহান কাজের সংগ্রামে মানবজাতির জন্য এক বিরাট অনুপ্রেরণার উৎস।